



বাংলাদেশ পর্যটন করপোরেশন  
প্রশাসন শাখা  
বীর উত্তম এ কে খন্দকার সড়ক  
৮৩-৮৮, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।



...

সভাপতি	ড. মোঃ আলী আকবর পরিচালক (প্রশাসন ও অর্থ)
সভার তারিখ	২৩-০৩-২০২০ খ্রি.
সভার সময়	বেলা ১২:৩০ টা
স্থান	সম্মেলন কক্ষ, বাপক প্রধান কার্যালয়
উপস্থিতি	সংযুক্তি “ক”


জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর বিদ্যমান কমিটি'র ৩য় সভায় (জানুয়ারি-মার্চ ২০২০) সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম সূচনা করেন। অতঃপর তিনি বাপক কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা (২০১৯-২০২০) ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো-এর বিষয়সমূহে ধার্যকৃত লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতির বিষয়ে বিভাগওয়ারী পর্যালোচনা করেন। এ পর্যায়ে পরিচালক (প্রশাসন), পরিচালক (পরিকল্পনা), পরিচালক (বাণিজ্যিক), মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ), মহাব্যবস্থাপক (ডিএফও), মহাব্যবস্থাপক (বাণিজ্যিক), মহাব্যবস্থাপক (পূর্ত), ভারপ্রাপ্ত অধ্যক্ষ (এনএইচটিআই), ব্যবস্থাপক (প্রশাসন), ব্যবস্থাপক (বাণিজ্যিক), ব্যবস্থাপক (বিউজ) সহ উপস্থিত কর্মকর্তাবৃন্দ তাঁদের নিজ নিজ বিভাগের বাস্তবায়ন অগ্রগতি প্রসঙ্গে সভাকে অবহিত করেন।

১.০ সভাপতি জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০২০-এর ৩য় কোয়ার্টারে (জানুয়ারি-মার্চ ২০২০) ধার্যকৃত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত সার্বিক বাস্তবায়ন বিষয়ে সন্তোষ প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট সকলকে পরবর্তী কোয়ার্টারগুলোতে এ ধারা অব্যাহত রাখার জন্য সচেষ্ট থাকতে অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী বিভাগ
১	বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার (জানুয়ারি-মার্চ- ২০২০) ৩য় কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	প্রশাসন বিভাগ
২	নৈতিকতা কমিটির সভা নিয়মিতভাবে আহ্বান করতে হবে। এ লক্ষ্যে ৪র্থ কোয়ার্টারের সভা জুন ২০২০-এর ৩য় সপ্তাহে সম্পন্ন করতে হবে।	প্রশাসন বিভাগ
৩	লক্ষ্যমাত্রায় নির্ধারিত ভিডিও/অনলাইন/টেলিকনফারেন্স আয়োজন (স্কাইপে/মেসেঞ্জার/ভাইবার ব্যবহার) নিশ্চিত করতে হবে।	আইসিটি বিভাগ
৪	বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃক সুবিধাজনক সময়ে (অফ সিজন) পর্যটন সেবা সপ্তাহ চালু করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বাণিজ্যিক বিভাগ
৫	'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' অনুযায়ী যোগ্য কর্মী বাছাই এবং শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত গঠিত কমিটি মোট ০৪ (চার)টি পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।	সংশ্লিষ্ট কমিটি শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত সকল কার্যক্রম গ্রহণ করবে
৬	বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর সেবা সহজীকরণের নিমিত্ত গঠিত কমিটির কার্যক্রম দৃশ্যমান করতে হবে।	সংশ্লিষ্ট ইনোভেশন কমিটি কমিটি

৭	বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর প্রধান কার্যালয়ের এবং বাণিজ্যিক ইউনিটসমূহের কর্মচারীদের অফিস চলাকালীন 'দাপ্তরিক পোশাক' পরিধানের বিষয়টি নজরদারি জোরদার করতে হবে। এছাড়া বাপক-এর সেন্ট্রাল স্টোর-এর মাধ্যমে একই মানের পোশাক ক্রয়ের বিষয়ে নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে যাচাই বাছাই করে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে হবে।	সকল বিভাগ সেন্ট্রাল পারচেজ এ্যান্ড স্টোর শাখা
---	---	---

সভায় আর কোন আলোচ্য না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।



ড. মোঃ আলী আকবর  
পরিচালক (প্রশাসন ও অর্থ)


স্মারক নম্বর: ৩০.৩২.০০০০.০২১.১৮.৫৭০.১৮.৩০৩

তারিখ: ১১ চৈত্র ১৪২৬

২৫ মার্চ ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ২) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (ডিএফও) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৩) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৪) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (পূর্ত) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৫) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বিপণন) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৬) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৭) অধ্যক্ষ (এনএইচটিআই) (ভারপ্রাপ্ত), মহাব্যবস্থাপক (অধ্যক্ষ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৮) ব্যবস্থাপক, -----, (সকল), বাপক, ঢাকা
- ৯) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য
- ১০) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন- পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
- ১১) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন- পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
- ১২) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন- পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
- ১৩) সহকারী নির্বাহী কর্মকর্তা, আইসিটি বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন- ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ



রমেন্দ্র নাথ মণ্ডল  
উপব্যবস্থাপক